



নং-৪৯.০০.০০০০.০২৪.২৩.০০৬.২৩-৩৫৩

তারিখ: ০৫ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ
২০ সেপ্টেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ

বিজ্ঞপ্তি

এতদ্বারা বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (অনিবাসী বাংলাদেশি) নির্বাচন নীতিমালা, ২০১৮ অনুযায়ী নিম্নবর্ণিত তিনটি ক্যাটাগরিতে বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (অনিবাসী বাংলাদেশি), ২০২৪ নির্বাচনের লক্ষ্যে আগ্রহী ও যোগ্যতা সম্পন্ন সকল অনিবাসী বাংলাদেশির নিকট হতে নিম্নোক্ত শর্তাধীনে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

ক্র: নং	ক্যাটাগরি	সংখ্যা	প্রয়োজনীয় যোগ্যতা
০১	সিআইপি (এনআরবি) [বাংলাদেশে শিল্পক্ষেত্রে সরাসরি বিনিয়োগকারী]:	সর্বোচ্চ ০৫ জন	ক) ২০২২-২০২৩ অর্থবছরে বাংলাদেশের শিল্পখাতে মূলধন হিসেবে ৩,০০,০০০ (তিন লক্ষ) মার্কিন ডলার সমপরিমাণ বা তদুর্ধ্ব পরিমাণ বৈদেশিক মুদ্রা সরাসরি বিনিয়োগ ; (খ) শিল্প প্রতিষ্ঠানটি বাস্তবায়নধীন হলে যন্ত্রপাতি আমদানির প্রমাণপত্র, যেমন-বিল অব লেডিং, বিল অব এন্ট্রি, লেটার অব ক্রেডিট ইত্যাদিতে উল্লিখিত পরিমাণ বৈদেশিক মুদ্রার লেনদেন।
০২	সিআইপি (এনআরবি) [বাংলাদেশে বৈধ চ্যানেলে সর্বাধিক বৈদেশিক মুদ্রা প্রেরণকারী]:	সর্বোচ্চ ৭৫ জন	২০২২-২০২৩ অর্থবছরে অপ্রত্যাভাসনযোগ্য ন্যূনতম ১,০০,০০০ (এক লক্ষ) মার্কিন ডলার সমপরিমাণ বৈদেশিক মুদ্রা ব্যাংকসহ অন্যান্য বৈধ চ্যানেলে বাংলাদেশে প্রেরণ।
০৩	সিআইপি (এনআরবি) [বিদেশে বাংলাদেশি পণ্যের আমদানিকারক] :	সর্বোচ্চ ১০ জন	(ক) ২০২২-২০২৩ অর্থবছরে বাংলাদেশ হতে ন্যূনতম ৩,০০,০০০ (তিন লক্ষ) মার্কিন ডলার সমপরিমাণ বৈদেশিক মুদ্রার [Free on Board (FOB)] বাংলাদেশি পণ্য সংশ্লিষ্ট দেশে আমদানিকরণ; (খ) পিআরসি (Proceeds Realisation Certificate) এর মাধ্যমে বাংলাদেশি পণ্য সংশ্লিষ্ট দেশে আমদানির পরিমাণ; এবং (গ) অধিক মূল্য সংযোজন সম্পন্ন বাংলাদেশি পণ্য (Higher Value Added Product) সংশ্লিষ্ট দেশে আমদানিকারককে অগ্রাধিকার প্রদান করা হবে।

শর্তাবলীঃ

- ১। ২১ সেপ্টেম্বর, ২০২৩ হতে ১৫ অক্টোবর, ২০২৩ তারিখ বাংলাদেশ সময় রাত ১২.০০ টার মধ্যে নির্ধারিত ওয়েবসাইট www.cip.probashi.gov.bd এর মাধ্যমে অনলাইন-এ আবেদন দাখিল করতে হবে। উক্ত সময়সীমার পর কোন আবেদন দাখিল করা যাবে না।
- ২। বিদেশস্থ বাংলাদেশ দূতাবাস অথবা প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ে সরাসরি (হার্ড কপি আকারে) কোন আবেদনপত্র জমা নেওয়া হবে না।
- ৩। অসম্পূর্ণ এবং ত্রুটিপূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে।
- ৪। কর্তৃপক্ষ কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদন কিংবা এতদসংক্রান্ত সকল কার্যক্রম বাতিল/স্থগিত করার অধিকার সংরক্ষণ করে।

মো: সারওয়ার আলম

সিনিয়র সহকারী সচিব

ফোন: ০২-৪১০৩০২৫১

ইমেইল- saswelfare@probashi.gov.bd